

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-১৬৬২০২৩

তারিখঃ ১৬/১০/২০২৩খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা এর স্মারক নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৬৯, তারিখঃ ১৫.১০.২০২৩খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।



মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৬৯

তারিখঃ ১৫.১০.২০২৩খ্রিঃ

বিষয়ঃ **IM-4 সংশ্লিষ্ট আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে শুক্কায়নের কাজে নিয়োজিত কর্মকর্তাদের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং, কোন ক্ষেত্রে অনিয়ম সংঘটিত হলে দায়ী ব্যক্তিদের সহজে চিহ্নিতকরণ এবং রাজস্ব ফাঁকি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রতিটি আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট সুনির্দিষ্টকরণের কার্যক্রম বিগত ০৩.০৮.২০২৩খ্রিঃ তারিখ হতে শুরু হয়েছে। ইতোমধ্যে IM-7 সংশ্লিষ্ট আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের কাজ সম্পন্ন হয়েছে। এর ফলে জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করা সম্ভব হচ্ছে; সর্বোপরি শুক্কায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে।

০২। এমতাবস্থায়, IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের বিষয়টির নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অর্থাৎ, সংযুক্তি নেই এমন সিএন্ডএফ এজেন্টগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে IM-4 সংশ্লিষ্ট কোন ধরনের কার্যক্রম গ্রহণ করতে পারবেন না। IM-4 এর অধীনে খালাস করা হয় এমন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের মনোনীত সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তিকরণের বিষয়টি আগামী ১৫.১১.২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তবে, এক্ষেত্রে IM-4 এর আওতায় আমদানিকারক প্রতিষ্ঠানসমূহ এ সংক্রান্ত আবেদন সংশ্লিষ্ট কাস্টম হাউস ও ল্যান্ড কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটসমূহ বরাবর দাখিল করবেন এবং উক্ত দপ্তরসমূহে পদস্থ আইটি কর্মকর্তাগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এ সংক্রান্ত প্রয়োজনীয় এন্ট্রি প্রদান করবেন।

০৩। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

স্বাঃ/-

[রাকিবুল হাসান]

প্রথম সচিব (কাস্টমস: অটোমেশন)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

তারিখ-১৫.১০.২০২৩খ্রিঃ

ই-মেইল-ss.asycuda@gmail.com